# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
# Civil Aviation School & College, Tejgaon

Dhaka-1215, Bangladesh, Established: 1963
E-mail: cascteјgaon@gmail.com
EIIN: 108517
Web: www.casc.edu.bd
School Code: 1265
Mob: 01309-108517
College Code: 1064


Ref: সিএএসসি/অঃনথি/০৬/বিজ্ঞপ্তি/২০২৫/ভঃ-২/০৫৯/০২৫ Date: ৩০/১০/২০২৫

## বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষক মূল্যায়ন সার্ভে (অনলাইন)-২০২৫ প্রসঙ্গে।

১। অত্র শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকদের জানানো যাচ্ছে যে, ২০২৪ সাল থেকে শিক্ষার্থী কর্তৃক নিজ বিষয় শিক্ষকদের পাঠদান মূল্যায়ন কার্যক্রম চালু করা হয়েছে। শিক্ষকদের পাঠদান সম্পর্কে শিক্ষার্থীদের সৎ ও গঠনমূলক মতামত পাঠদান প্রক্রিয়ার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এরই ধারাবাহিকতায় এবং প্রক্রিয়াটিকে আরও সাবলীল, স্বচ্ছ ও কার্যকর করার লক্ষ্যে এই বছর থেকে (অষ্টম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) অনলাইনে 'শিক্ষক মূল্যায়ন সার্ভে' পরিচালনা করা হবে। উল্লেখ্য যে, তৃতীয় থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত পূর্বের ন্যায় মূল্যায়ন করা হবে।

২। সকল শিক্ষার্থীকে তাদের বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে সৎ ও নিরপেক্ষ মতামত প্রদানের জন্য বলা হলো। সার্ভে চলাকালীন সময়ে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করা বাঞ্চনীয়:

ক) সার্ভে ব্যবহারের প্রক্রিয়া

(১) শিক্ষার্থীকে নিজস্ব অথবা অভিভাবকের **Gmail** অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে। **https://forms.gle/tXFkgH4AXYiVpUM56** এই লিংক (যা ক্লাস গ্রুপে শেয়ার করা হবে)-এ গুগল (**Gmail**) আইডি দিয়ে **sign in** করতে হবে।

(২) প্রথম পেইজে **Email** অপশনের চেকবক্স (☑) মার্ক করে শিক্ষার্থীর 'আইডি নম্বর' ও 'নাম' (বাংলা বা ইংরেজি) লিখে '**Next**' বাটনে ক্লিক করতে হবে।

(৩) এরপর শুধুমাত্র একজন বিষয় শিক্ষককে নির্বাচন পূর্বক স্ক্রলডাউন করে '**Next**' বাটনে ক্লিক করতে হবে।

(৪) পরবর্তী পেইজে উক্ত শিক্ষকের জন্য ১০টি প্রশ্নের মূল্যায়নে সর্বনিম্ন ১ নম্বর থেকে সর্বোচ্চ ১০ নম্বর পর্যন্ত প্রদান করা যাবে। সর্বশেষ অপশনে শিক্ষকের সম্পর্কে ব্যক্তিগত মতামত (ঐচ্ছিক) প্রদান করা যাবে।

(৫) এরপর '**Submit**' বাটনে ক্লিক করলে সার্ভে সম্পন্ন হবে।

(৬) পরবর্তী বিষয় শিক্ষককে মূল্যায়নের জন্য '**Submit another response**' অপশনে ক্লিক করে একই প্রক্রিয়ায় পর্যায়ক্রমে সকল বিষয় শিক্ষকের মূল্যায়ন সম্পন্ন করা যাবে।

সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
Civil Aviation School & College, Tejgaon
Dhaka-1215, Bangladesh, Established: 1963
E-mail: casctejgaon@gmail.com
EIIN: 108517
Web: www.casc.edu.bd
School Code: 1265
Mob: 01309-108517
College Code: 1064

Ref:

Date:

খ) <u>সাধারণ নির্দেশনা</u>

(১) নিজ নিজ শ্রেণির বিষয় শিক্ষকগণকে শুধুমাত্র একবার মূল্যায়ন করা যাবে।

(২) একই শিক্ষককে একাধিকবার মূল্যায়ন করা বা পক্ষপাতমূলক/ভুল তথ্য প্রদান শৃঙ্খলাভঙ্গ হিসেবে গণ্য হবে এবং এরূপ আচরণের ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৩) মূল্যায়ন প্রক্রিয়ায় শিক্ষার্থীর পরিচয় গোপন রাখা হবে। সার্ভের তথ্য শুধুমাত্র অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং অ্যাডজুটেন্ট পর্যালোচনা করবেন।

৩। আগামী ০৬/১১/২০২৫ তারিখের মধ্যে উক্ত সার্ভে সম্পন্ন করার জন্য সকল শিক্ষার্থীদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো। সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষকগণ শিক্ষার্থীদের সার্ভে সম্পন্ন করণের বিষয়টি নিশ্চিত করবেন।

৩০.১০.২৫

গ্রুপ ক্যাপ্টেন তাসিন ফেরদৌস আহমদ খান
এইচডিএমসি, পিএসসি
অধ্যক্ষ